

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা

প্রজ্ঞাপন

ঢাকা ১২ এপ্রিল ২০১৬/২৯ চৈত্র ১৪২২

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৮২.০৪১.১৬-১৬৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে বাস্তবায়নাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক নিরাপত্তা বিধান ও কার্যাদি সম্পাদনে সহযোগিতা প্রদান ও মনিটরিং-এর জন্য নিম্নরূপ 'মনিটরিং টিম' গঠন করেছে:

(ক) কমিটির গঠন:

(১)	বিভাগীয় কমিশনার, রাজশাহী	আহ্বায়ক
(২)	ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী	সদস্য
(৩)	প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প (প্রথম পর্যায়)/প্রতিনিধি	সদস্য
(৪)	জেলা প্রশাসক, পাবনা	সদস্য
(৫)	জেলা প্রশাসক, কুষ্টিয়া	সদস্য
(৬)	জেলা প্রশাসক, নাটোর	সদস্য
(৭)	পুলিশ সুপার, পাবনা	সদস্য
(৮)	পুলিশ সুপার, কুষ্টিয়া	সদস্য
(৯)	পুলিশ সুপার, নাটোর	সদস্য
(১০)	সাইট ইনচার্জ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, রূপপুর প্রকল্প সাইট	সদস্য
(১১)	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি	সদস্য
(১২)	অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা, পাবনা	সদস্য
(১৩)	উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা	সদস্য সচিব

(খ) কমিটি প্রয়োজনে কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

(গ) কার্যপরিধি:


- (১) কেপিআই হিসাবে ঘোষিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ও সন্নিহিত এলাকার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং ক্ষেত্রবিশেষে কার্যকর উদ্যোগ গ্রহণ;
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও উন্নয়ন-সংশ্লিষ্ট বিষয়াবলি জেলা ও বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটি এবং জেলা ও বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় নিয়মিতভাবে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;
- (৩) পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহার সম্পর্কিত বিষয়ে জনগণের সচেতনতা সৃষ্টি এবং এ বিষয়ে অনুকূল জনমত গঠন;
- (৪) প্রকল্পটির নির্মাণ ও বাস্তবায়নের কার্যক্রম মনিটরিং-এর জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- (৫) প্রকল্পের জন্য দেশজ নির্মাণ সামগ্রী/দ্রব্যাদি ও সেবা প্রদানে স্থানীয় যোগ্যতা নিরূপণ এবং স্থাপনা নির্মাণ-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম তদারকিতে সহায়তা প্রদান;

- (৬) প্রকল্পের পার্শ্ববর্তী এলাকায় অব্যবহৃত ভূমি ও খাসজমি প্রকল্পের কাজে ব্যবহার ও প্রকল্পের আওতাধীন ভূমি ব্যবস্থাপনায় সার্বিক সহায়তা প্রদান;
- (৭) প্রকল্পের মালামাল/ভারী যন্ত্রপাতি পরিবহনের লক্ষ্যে সম্ভাব্য নৌপথ, রেলপথ ও সড়কপথ মেরামত এবং সংস্কারের জন্য স্থানীয় পর্যায়ে উদ্যোগ গ্রহণ; এবং
- (৮) স্থানীয়ভাবে নিউক্লিয়ার সেফটি ও সিকিউরিটি কালচার গড়ে তোলার লক্ষ্যে জনসম্পৃক্ততা ও জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

(ঘ) কমিটি প্রতি তিনমাসে আবশ্যিকভাবে একবার সভা করবে। সভার কার্যবিবরণী প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে, জরুরি প্রয়োজনে কমিটি যেকোন সময়ে সভা আহ্বান করতে পারবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৩৮৩৩
e-mail: addl_dfa@cabinet.gov.bd

উপপরিচালক

বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে দুইশত কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের অনুরোধ জানানো হল)।

নম্বর-০৪.০০.০০০০.৫১২.৮২.০৪১.১৬-১৬৮

তারিখ: ২৯ চৈত্র ১৪২২
১২ এপ্রিল ২০১৬

অনুলিপি:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
- ৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসক, কুষ্টিয়া, নাটোর ও পাবনা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।